

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
 আইন ও বিচার বিভাগ।  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

আইন ও বিচার বিভাগের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন অগ্রগতি মে, ২০২১ খ্রিঃ এর মাসিক  
 সভার কার্যবিবরণীঃ

সভার তারিখ	ঃ	২৭ মে, ২০২১ খ্রিঃ
সময়	ঃ	৩.০০ ঘটিকা
স্থান	ঃ	সম্মেলন কক্ষ (৭২৭ নং কক্ষ), আইন ও বিচার বিভাগ
সভাপতি	ঃ	চিম লিডার, আইন ও বিচার বিভাগ
সভার উপস্থিত কর্মকর্তাগণের তালিকা	ঃ	পরিশিষ্ট-ক সংযুক্ত।

এপিএ কমিটির চিম লিডার জনাব উল্লেখ কুলসুম সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি অগ্রগত্যতার আলোকে  
 কমিটির সভায় নিয়ন্ত্রিত বিষয়সমূহে আলোচ্য সূচীর আলোকে আলোচনা করেন :-

- ক) ২০২০-২০২১ এপিএ কর্মপরিকল্পনার অনিষ্পন্ন কার্যাবলী সম্পাদনের বিষয়ে পর্যালোচনা;  
 খ) ২০২১-২০২২ অর্থবছরের খসড়া এপিএ কর্মপরিকল্পনা সম্পর্কে দণ্ডন/সংস্থার ফোকাল পয়েন্টদেরকে অবহিতকরণ।

ক) আইন ও বিচার বিভাগের ধার্যকৃত লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতির বিবরণ ও অনিষ্পন্ন কার্যের বিষয়ে আলোচনা শেষে নিয়ন্ত্রণ  
 অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক উপস্থাপিত হয় :

ক্রমিক নং	ইতোমধ্যে অর্জিত লক্ষ্যমাত্রা	অনিষ্পন্ন সূচকসমূহ	বাস্তবায়নকারী	অগ্রগতি প্রতিবেদন
১।	<p>কৌশলগত উদ্দেশ্য - ১.১.১,          ১.২.১, ১.৩.১, ১.৩.১, ১.৪.১,          ১.৬.১, ২.৪.১, ২.৫.১,          ২.৫.২, ২.৬.১, ৩.১.২,          ৩.২.১, ৩.২.২, ৩.৩.১,          ৩.৪.১, ৩.৫.১ ৮.১.১,          ৮.১.২, ৮.২.১</p> <p>আবশ্যিক উদ্দেশ্য - ২.২.১,          ২.৩.১, ২.৪.১, ২.৪.২,          ২.৫.১, ৩.১.১।</p>	<p>১.১.২, ১.৫.১, ১.৫.২,          ১.৭.১, ২.১.১, ২.২.১,          ২.৩.১, ৩.১.৩, ৩.১.১,          ৩.১.৪,</p> <p>আবশ্যিক উদ্দেশ্য-          ১.২.১, ৩.২.১, ৩.৩.১,</p>	<p>বিচার প্রশাসন প্রশিক্ষণ          ইনস্টিউট, নিবন্ধন          অধিদপ্তর, আইন ও          বিচার বিভাগ</p>	<p>ইতোমধ্যে অনিষ্পন্ন সূচকের          মধ্যে ১.১.২, ১.৫.১, ১.৫.২,          ১.৭.১, ২.১.১, ২.২.১,          ২.৩.১, ৩.১.৩, ৩.১.১,          ৩.১.৪- এর কার্যাবলী সম্পন্ন          হয়েছে মর্মে বিচার প্রশাসন          প্রশিক্ষণ ইনস্টিউট, নিবন্ধন          অধিদপ্তর এবং এ বিভাগের          প্রশাসন অনুবিভাগ হতে          উপস্থিত কর্মকর্তাগণ তাদের          বক্তব্য উপস্থাপন করেন। বর্ণিত          সূচকসমূহের অর্জনের সমর্থনে          আগামী জুন, ২০১৫ এর মধ্যে          নির্ধারিত প্রমাণকসমূহ          দাখিলের জন্য তাদেরকে          অনুরোধ জানানো হয়।          আবশ্যিক কর্মকৌশলের মধ্যে          অনিষ্পন্ন কার্যাবলী অবিলম্বে          সম্পাদনের জন্য সংশ্লিষ্ট          কর্মকর্তাগণের দ্বাটি আকর্ষণ          করা হয়।</p>


খ) বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ইতোমধ্যে ২০২১-২২ অর্থবছরের এপিএ এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনা ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে। আজকের সভায় উক্ত কর্মপরিকল্পনার বিভিন্ন দিক এবিভাগের এপিএ কমিটির টিম লিডার বেগম উচ্চে কুলসুম দণ্ডর/সংস্থা হতে আগত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সামনে উপস্থাপন করেন। তিনি আগত প্রতিনিধিগণকে তাদের নিজস্ব কর্মপরিকল্পনা প্রণয়ন করে আগামী ১০/০৬/২০২১ খ্রিঃ তারিখে মধ্যে এ বিভাগের এপিএ কমিটির পর্যালোচনার জন্য প্রেরণ করার অনুরোধ জানান। একই সাথে আগামী ১৫/০৬/২০২১ খ্রিঃ তারিখে খসড়া কর্মপরিকল্পনার বিষয়ে ফিল্ডব্যাক কর্মশালা অনুষ্ঠিত হবে মর্মে সবাইকে অবহিত করেন।

জনাব একেএম এমদাদুল হক, উপ-সচিব (মতামত-৪) তার বক্তব্যে উল্লেখ করেন, এ বিভাগের সকল কর্মকর্তাসহ আইন ও বিচার বিভাগের অধিনস্ত সকল দণ্ডর সংস্থার কর্মকর্তাগণকে ২০২১-২০২২ অর্থ বছরের নতুন কর্মপরিকল্পনা সম্পর্কে অবহিত করার জন্য অবিলম্বে একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :-

- ১। ইতোমধ্যে যে সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে, তার সমর্থনে সংস্থা/দণ্ডর/অনুবিভাগ প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রমাণকসহ এপিএ কমিটির নিকট আগামী ২০/৬/২০২১ খ্রিঃ তারিখে প্রেরণ করতে হবে। আইন ও বিচার বিভাগ আবশ্যিক উদ্দেশ্য ১.২.১, ৩.২.১, ৩.৩.১ সম্পন্ন করবে।
- ২। ২০২১-২০২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের প্রদত্ত নির্দেশনাসমূহ সম্পর্কে এ বিভাগের অধিনস্ত দণ্ডর, অধিদণ্ডর ও সংস্থার কর্মকর্তাগণের উদ্দেশ্যে একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে।
- ৩। এপিএ কমিটি ২০২১-২০২২ অর্থ বছরের প্রণীত খসড়া কর্মপরিকল্পনায় মুজিববর্ষ উপলক্ষে জনস্তুতকর কার্যাবলী অন্তর্ভুক্ত করে এ বিভাগের মাননীয় সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় তা উপস্থাপন করবে। সভার সিদ্ধান্ত অনুযায়ী খসড়াটি চূড়ান্ত করার পূর্বে বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে তা চূড়ান্ত করা হবে।

জনাব উচ্চে কুলসুম উপস্থিত সদস্যদের প্রাণবন্ত অংশহীনে সভাটিকে অর্থবহ করে তোলার জন্য সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি উপস্থিত সদস্যগণকে এপিএ'র অসমাঞ্ছ কার্যাবলী দ্রুত সম্পাদন করে উপযুক্ত প্রমাণকসহ এপিএ কমিটির নিকট প্রমানাদি দাখিল করার জন্য অনুরোধ জানান। অবশেষে সবার সুস্থান্ত কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(উচ্চে কুলসুম)  
যুগ্ম-সচিব (মতামত)  
ও  
টিম লিডার, এপিএ কমিটি